



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
কুষ্টিয়া।



e-Mail:- ee_kus@eedmoe.gov.bd

বিষয়	ঃ- সেবা প্রদান বিষয়ক ২য় সভার কার্যবিবরণী ঃ-
সভাপতি	ঃ- মোঃ ইশতিয়াক ইকবাল হিমেল, নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া।
সভার তারিখ	ঃ- ১৪/১২/২০২৩ইং।
সভার সময়	ঃ- দুপুর- ১২:০০ টা।
স্থান	ঃ- নির্বাহী প্রকৌশলীর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	ঃ- সভায় উপস্থিতিদের তালিকা সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি সভার সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচী অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন সহকারী প্রকৌশলী কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয় কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং সে সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি কোন পর্যায়ে রয়েছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উল্লেখ্য, সভার সভাপতি মহোদয় উল্লেখ করেন সঠিক সময়ে বরাদ্দ সাপেক্ষে কার্য সমাপ্তি সাপেক্ষে যাতে ঠিকাদারগণ তাদের বিল পান সে বিষয়ে সকলকে অধিকতর সচেতন থাকতে হবে। ঠিকাদারগণের পেমেন্ট সার্টিফিকেট যাতে সঠিকভাবে সঠিক সময়ে পান সে বিষয়ে গুরুত্ব দেওয়া এবং স্টেক হোল্ডার বিশেষ করে বিভিন্ন প্রতিষ্ঠান যেখানে নির্মাণ কাজ চলমান সেসব প্রতিষ্ঠানের নির্মাণ কাজ যাতে সঠিক সময়ে সমাপ্ত হয় এবং গুরুত্বপূর্ণ স্টেক হোল্ডাররা তথা প্রতিষ্ঠান যাতে সমৃদ্ধ থাকে এবিষয়ে আলোচনা করা হয়। অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। সহকারী প্রশাসনিক কর্মকর্তা ১০/১২/২০২৩ইং তারিখে জানান যে সিটিজেন চার্টার হালনাগাদ পূর্বক যথাস্থানে লাগানো হয়েছে এবং ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত নং-০১

অতি সত্ত্বর বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে ত্রৈমাসিক/ষান্মাসিক সভা আয়োজন করতে হবে। এ বিষয়ে সহকারী প্রকৌশলী-২, সহকারী প্রকৌশলী-৩ মুখ্য ভূমিকা পালন করবেন।


সিদ্ধান্ত নং-০২

সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়ার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা অনুযায়ী স্টেক হোল্ডার/ঠিকাদার বিশেষ করে আসবাবপত্র সরবরাহকারী ঠিকাদারদের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অত্র অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে কর্মশালা প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-০৩

যেসব প্রতিষ্ঠানে নির্মাণ কাজ ধীর গতিতে চলমান সে সকল প্রতিষ্ঠানের ঠিকাদারদের সাথে বারম্বার মিটিং করে তাদের কে দ্রুত কাজ করার জন্য উদ্বুদ্ধ করতে হবে।

সভাপতি মহোদয় সভার আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ইশতিয়াক ইকবাল হিমেল)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
কুষ্টিয়া।

১৪/১২/২৩
৬

স্মারক নং-৩৭.০৭.৫০০০.০০৭.০০.০০১.২৩- ১৬৬৫

তারিখ :- ১৪/১২/২০২৩ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০২। পরিচালক (অর্থ ও প্রশাসন) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা সার্কেল।
- ০৪। উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী(সংশ্লিষ্ট ডেপুটি) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। প্রোগামার শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৭। সহকারী প্রকৌশলী-২, ৩ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর(সকল) (অতি দ্রুত স্টেক হোল্ডার ঠিকাদারদের নিয়ে সভা আয়োজনের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৮। উপ-সহকারী প্রকৌশলী (সকল).....কুষ্টিয়া জেলা।
- ০৯। দপ্তর নথি।

See my
14/12/23

(মোঃ ইশতিয়াক ইকবাল হিমেল)

নির্বাহী প্রকৌশলী

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

কুষ্টিয়া।

ইকবাল
26